

Prime Minister's meeting with Prime Minister of Japan

May 24, 2022

জাপানের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা'র সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। প্রধানমন্ত্রী মোদীর সম্মানে জাপানের প্রধানমন্ত্রী এক নৈশভোজের আয়োজন করেন। বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও নিবিড় করার পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক নানা বিষয়ে তাঁদের মধ্যে মতবিনিময় হয়।

2.প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন সহ দ্বিপাক্ষিক নিরাপত্তা ও প্রতিরক্ষা সহযোগিতা আরও মজবুত করতে দুই নেতা সহমত হয়েছেন। যত শীঘ্র সম্ভব জাপানে বিদেশ ও প্রতিরক্ষা মন্ত্রী পর্যায়ের পরবর্তী 2+2 বৈঠক অনুষ্ঠিত হবে বলে স্থির হয়েছে।

3.ভারত ও জাপানের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক ক্রমশ প্রসারিত হওয়ায় দুই নেতা সন্তোষ প্রকাশ করেছেন। আগামী ৫ বছরের মধ্যে জাপান থেকে ভারতে সরকারি বেসরকারি মিলিয়ে 5 ট্রিলিয়ন ইয়েন বিনিয়োগের যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে তা বাস্তবে রূপায়িত করতে দুই দেশ একযোগে কাজ করতে সম্মত হয়েছে। প্রধানমন্ত্রী শ্রী মোদী, ব্যবসা অনুকূল পরিবেশ সৃষ্টির জন্য ভারত সরকারের গৃহীত উদ্যোগ এবং গতিশক্তি কর্মসূচির মাধ্যমে সরবরাহ ব্যবস্থা উন্নত করার বিভিন্ন প্রয়াস তুলে ধরে জাপানি সংস্থাগুলি যাতে ভারতে আরও বেশি বিনিয়োগ করে, সে ব্যাপারে উদ্যোগী হতে প্রধানমন্ত্রী কিশিদাকে অনুরোধ জানান। এই ধরনের বিনিয়োগ একটি প্রাণবন্ত সরবরাহ শৃঙ্খল গড়ে তুলবে এবং তাতে দুই দেশই উপকৃত হবে। এই প্রসঙ্গে জাপানি সংস্থাগুলির ভূমিকার প্রশংসা করে প্রধানমন্ত্রী মোদী বলেন, ভারতে তাদের বিনিয়োগ ক্রমশ বাড়ছে এবং ২৪টি জাপানি কোম্পানি বিভিন্ন উৎপাদন ভিত্তিক উৎসাহদান প্রকল্পে সফলভাবে আবেদন করেছে।

4.দুই নেতা মুম্বাই-আমেদাবাদ উচ্চ গতি সম্পন্ন রেল প্রকল্প রূপাণের অগ্রগতির উল্লেখ করেন এবং এই প্রকল্পের জন্য তৃতীয় পর্যায়ের ঋণদান সংক্রান্ত কাগজপত্রে স্বাক্ষরকে স্বাগত জানান। দুই নেতা তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্রমশ বেড়ে চলা গুরুত্বের উল্লেখ করে এক্ষেত্রে পরবর্তী প্রজন্মের প্রযুক্তি উন্নয়নে দু'পক্ষের বেসরকারি ক্ষেত্রে বৃহত্তর সহযোগিতাকে উৎসাহ দিতে সম্মত হন। ফাইভজি, ফাইভজি পরবর্তী এবং সেমিকন্ডাক্টরের মতো গুরুত্বপূর্ণ ও উদীয়মান প্রযুক্তিগুলিতে সহযোগিতার সম্ভাবনা নিয়েও দুই নেতা আলোচনা করেন। দুই প্রধানমন্ত্রী গ্রীন হাইড্রোজেন সহ দূষণমুক্ত শক্তির ক্ষেত্রে সহযোগিতা গভীরতর করার ইচ্ছা প্রকাশ করেন এবং এক্ষেত্রে ব্যবসায়িক সহযোগিতাকে উৎসাহ দেন।

5.দুই নেতা দু'দেশের জনগণের মধ্যে সংযোগ আরও বাড়াতে সহমত হয়েছেন। প্রধানমন্ত্রী কিশিদা বলেন, এই ধরনের সংযোগই দ্বিপাক্ষিক সম্পর্কের মূল কাঠামো। এই প্রসঙ্গে তারা সুনির্দিষ্ট দক্ষ কর্মী (স্পেসিফাইড স্কিলড ওয়ার্কার্স - এসএসডার্ল) কর্মসূচি বাস্তবায়নের গতি পর্যালোচনা করেন এবং এটিকে আরও উৎসাহ দিতে সহমত হন। প্রধানমন্ত্রী মোদী জাপানে প্রবেশের ক্ষেত্রে বিধিনিয়মের কড়াকড়ি শিথিল করার প্রস্তাব দিয়ে বলেন, ভারত থেকে যাঁরা কোভিডাঐন ও কোভিশিল্ড টিকা নেওয়ার শংসাপত্র নিয়ে জাপানে যাচ্ছেন, তাঁদের কোয়ারেন্টাইন মুক্ত প্রবেশের অধিকার দেওয়া উচিত। ইন্দো-জাপান অ্যাক্ট ইস্ট ফোরাম ভারতের উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নে বিশেষ সহায়ক হয়েছে বলে মন্তব্য করে দুই নেতা বার্ষিক শীর্ষ সম্মেলনে ঘোষিত বিভিন্ন প্রকল্প দ্রুত রূপায়ণের পরামর্শ দেন।

6.সাম্প্রতিক আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়ে দুই নেতা মতবিনিময় করেন। মুক্ত, স্বাধীন ও অন্তর্ভুক্তিমূলক ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়ে তোলার লক্ষ্যে দুই নেতাই তাঁদের দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। এই প্রসঙ্গে কোয়াদের বিভিন্ন কর্মসূচি রূপায়ণের অগ্রগতিকে স্বাগত জানান তাঁরা।

7.জাপান সফরে তাঁকে এবং তাঁর প্রতিনিধি দলের সদস্যদের উষ্ণ আতিথেয়তা দেওয়ার জন্য প্রধানমন্ত্রী কিশিদাকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী মোদী। জাপানের প্রধানমন্ত্রী কিশিদা পরবর্তী বার্ষিক দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলনের জন্য প্রধানমন্ত্রী মোদীকে ফের জাপানে আসার আমন্ত্রণ জানান। প্রধানমন্ত্রী শ্রী মোদী তা গ্রহণ করেন।

টোকিও

মে 24, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.